ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |



গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.betar.gov.bd

নথি নং- ১৫.৫৩.০০০০.০০০.০১৬.৩৩.০০০১.২৫. ৫৬৮

তারিখ: ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: পবিত্র ঈদ-উল-ফিতরের ছুটিকালীন সময় বাংলাদেশ বেতারের নিরাপত্তা জোরদার করণ প্রসঙ্গে।**

পবিত্র ঈদ-উল-ফিতরের ছুটিকালীন সময় বাংলাদেশ বেতারের কেপিআইভুক্ত সকল কেন্দ্র/ইউনিটের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা ও সতর্কাবস্থা বজায় রাখার স্বার্থে জরুরি ভিত্তিতে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ঃ

১. প্রত্যেকটি কেপিআই ভিজিলেন্স টিম কর্তৃক পরিদর্শন করতে হবে এবং ছুটিকালীন সময়ে প্রতিটি কেপিআই-এর সার্বিক সুষ্ঠু নিরাপত্তা বজায় রাখার জন্য একজন কর্মকর্তাকে তদারকীয় দায়িত্বে নিযুক্ত করতে হবে।

২. দপ্তরের নিরাপত্তার কাজে নিয়োজিত পুলিশ ও নিজস্ব নিরাপত্তা প্রহরীদের সার্বক্ষণিক সর্তকাবস্থায় দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করতে হবে।

৩. দপ্তরে প্রবেশের পূর্বে সকল কর্মকর্তা/কর্মচারী/আগত বহিরাগতদের সঙ্গে আনা ব্যাগ ও অন্যান্য জিনিসপত্র ব্যাগ স্ক্যানার/ হ্যান্ড মেটাল ডিটেক্টর দিয়ে পরীক্ষা করিয়ে নিতে হবে।

৪. ছুটিকালীন সময়ে দপ্তরের পানির লাইন, বৈদ্যুতিক লাইনের (কম্পিউটার, ফ্যান, লাইট, ইলেকট্রিক কেটলি) সুইচ বন্ধ রাখাতে হবে।

৫. কেপিআই এর অভ্যন্তরে বিদ্যমান সকল ড্রেন, ডাস্টবিন ও ঝোঁপ জঙ্গলের মধ্যে কোন ধরনের বিস্ফোরক জাতীয় দ্রব্য/নিষিদ্ধ কোন দ্রব্যসামগ্রী পরিত্যক্ত অবস্থায় না থাকে তা প্রতিরোধকল্পে জরুরিভাবে সকল কেপিআই-এর অভ্যন্তরের ঝোঁপ-জঙ্গল পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৬. ইমার্জেন্সি রিজার্ভার সার্বক্ষণিক পানি দ্বারা পূর্ণ রাখতে হবে ।

৭. দপ্তরের কাজে ব্যবহৃত বিদ্যমান নিরাপত্তার সরঞ্জামাদি, যেমন : হ্যান্ড মেটাল ডিটেক্টর, আন্ডার ভেহিক্যাল সার্চ মিরর, সকল সিসি ক্যামেরা ও অগ্নিনির্বাপক যন্ত্রসমূহ সার্বক্ষণিক সচল রাখতে হবে।

৮. দপ্তরের নিকটবর্তী থানা, ফায়ার সার্ভিস স্টেশন, সেনা ক্যাম্প-এর ফোন নম্বরসমূহ সংগ্রহ করে দৃশ্যমান স্থানে লাগিয়ে রাখতে হবে।

৯. দপ্তরের অভ্যন্তরে বিড়ি/সিগারেটের পরিত্যক্ত অংশ থেকে অগ্নিদূর্ঘটনা ঘটতে পারে বিধায় কেপিআই এলাকার অভ্যন্তরে সকল ধরনের ধূমপান সম্পূর্ণরূপে বন্ধ রাখা নিশ্চিত করতে হবে।

১০. বাংলাদেশ বেতার, আগারগাঁও, কেপিআইয়ের অভ্যন্তরে কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে তাৎক্ষণিক সদর দপ্তরের উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) এর ০১৭৭৯ ৮৬৫ ১৪১, নিরাপত্তা কর্মকর্তার ০১৭১০ ৫৩৩ ১২২ নম্বরে এবং জরুরি প্রয়োজনে ৯৯৯-এ যোগাযোগ করা যেতে পারে।

১৫/৩/২৬
মোঃ রুবাইয়াত শামীম চৌধুরী
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
ফোন ঃ ০২-৪৪৮১৩০৭১

চলমান পাতা-২

ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ

নং- ১৫.৫৩.০০০০.০০০.০১৬.৩৩.০০০১.২৫. ৫৬৮ তারিখ : ০৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/২ ও বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরী কার্য/কবিরপুর/মহাশক্তি প্রেরণ কেন্দ্র,ধামরাই,বাংলাদেশ বেতার, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৭. পরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৮. সিনিয়র প্রকৌশলী, গবেষনা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৯. সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন/ পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১০. আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২,বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/নওয়াপাড়া,যশোর/কাহালু,বগুড়া/ কালুরঘাট, চট্টগ্রাম।
১১. পরিচালক,অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/বাণিজ্যিক কার্যক্রম/কৃষি বিষয়ক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/ বহির্বিশ্ব কার্যক্রম/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টিসেল, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১২. অতিরিক্ত পরিচালক, (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১৩. আঞ্চলিক পরিচালক,বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/ বরিশাল/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/ বান্দরবান/ কক্সবাজার/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ।
১৪. আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/বান্দরবান/ কক্সবাজার/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ।
১৫. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/সিলেট/খুলনা/কুমিল্লা।
১৬. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১৭. আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১৮. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯. উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
২০. উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, বরিশাল/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কক্সবাজার/বান্দরবান।
২১. উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
২২. উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও,শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
২৩. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর/জাতীয় বেতার ভবন/মহাশক্তি প্রেরণ কেন্দ্র/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/ বাংলাদেশ বেতার, রাজশাহী।
২৪. সহকারী নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ বেতার, রংপুর।
২৫. পুলিশ ইনচার্জ, পুলিশ ব্যারাক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
২৬. দপ্তর কপি।

০৫/০৩/২৬

(দেওয়ান আশরাফুল ইসলাম)
উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)